ইয়া. আকিম
অকম্মা

ইয়া. আকিম

দিতে
হবে —

শুনেছ তো?
চিঠি নিয়ে
ঘুরছে পিয়ন
পাড়াতে,
কে জানে, চিঠি
আছে বা কার
বরাতে।

দলা-মোচড়া খাম,
আর তাতে
লেখা আছে:

দিতে
হবে —
অকম্মার হাতে

একতলাতে
দিল পিয়ন
টোকা।
দেখে, ওমা,
নিজের হাতে
খেতে জানে না খোকা।

গল্প বলে
খাওয়াতে হয়
বুলিয়ন।
'নাও অকম্মার চিঠি!'
বললে পিয়ন।

চমকে খোকা
নিজেই নিলে চামচ,
বললে মা:
'নেই এখানে
তেমন অকম্মা!'

হবে —
হাতে

ওপরে থাকে
আন্দ্রিউশকা,
ওপরে পিয়ন
এল।

ঘরটা জুড়ে
খেলনা তার
ছড়ানো এলোমেলো।

কাঁচুমাচু
আন্দ্রিউশকা
শুনেই ঠিকানা:
‘না, না, কাকু,
আমি অকম্মা না!

আমি কাকু, এই বাড়িটা
বানানো
শেষ করে
গুছিয়ে সব
তুলে রাখব,
রইবে নাকো পড়ে।'

দিতে
হবে—
অকম্মার হাতে

গেল পিয়ন
পাশের ফ্ল্যাটে,
তখন
ঘুমটি ভেঙে
সবে উঠেছে
খোকন।

দিদি তাকে
মোজা পরাচ্ছে
বাহারে,
খোকন মণি
এলিয়ে আছে
চেয়ারে।

বললে পিয়ন:
'এই পেয়েছি খেই!
শ্রী অকম্মা থাকেন তবে
হয়ত এখানেই?'

শুনেই খোকন
হয়ে উঠল
সোজা,
বলে উঠল
পরতে পরতে মোজা:

‘এই দেখুন-না —
বলেন এ সব কী যে,
পোষাক আমি
পরি নিজে নিজে!’

অন্য এক
ফ্ল্যাটে পিয়ন
গেল তার পরে,
দেখে,
রান্নাঘরে

ধোয়া হয়েছে
ডিশ-প্লেট,
এখন
মা-মেয়েতে
মুছে রাখছে
একগাদা বাসন।

হাসি মুখে
বললে পিয়ন:
'দেখছি
কেবলি ভুল
জায়গা এসে
ঠেকছি!'

নেমেই এল
পিয়ন,
আরে, আরে!

একটু হলে
পড়ত গিয়ে
বোরিয়ার ঘাড়ে —

তিনবছুরে ছোট্ট ছেলে
জল দিচ্ছে গাছে।

না, এখানে
নেই অকম্মা,
কে জানে
কোথা আছে!

জিরিয়ে পিয়ন
ফের চলল
অকম্মার খোঁজে —
পাবে কি তাকে
অতই সহজে?

ঠিকানা খুঁজে ঘুরছে চিঠি
তামাম দুনিয়ায়।
দেব কি বলে
কী আছে চিঠিটায়?

খামের মধ্যে
লেখা আছে
এ কী —
"ছি অকম্মা!"
কী লজ্জার কথা বলো দেখি!

আর তোমাদের
কাছে আমার বায়না,
চিঠি যেন
ঠিকানা তার
কোথাও খুঁজে পায় না!

Цена 33 коп.

অনুবাদ: ননী ভৌমিক

ছবি এঁকেছেন ফ. লেমকুল

Я. АКИМ

НЕУМЕЙКА

На языке бенгали

প্রগতি প্রকাশন · মস্কো

Перевод сделан по книге:
Я. Аким. Неумейка.
Москва. Детская литература.
1968 г.

Художественный редактор В. Я. Пушкарева
Технический редактор Н. С. Андрианова

Подписано к печати 2/IV 1973 г. Формат 60×90⅛. Бум. л. 1¼. Печ. л. 2½. Уч.-изд. л. 2,56.
Изд. № 15662. Заказ № 600. Цена 33 коп. Тираж 20300 экз.

Издательство „Прогресс" Государственного комитета Совета Министров СССР по делам издательств, полиграфии и книжной торговли. Москва Г-21, Зубовский бульвар, 21.

Ленинградская фабрика офсетной печати № 1 Союзполиграфпрома при Государственном комитете Совета Министров СССР по делам издательств, полиграфии и книжной торговли.
Ленинград, 197101, Кронверкская ул., 7.